100Rs.

INDIA NON JUDICIAL

१०० रू. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

Admissible under Regn Rule [illegible]
duly Stamped under the Indian
Stamp Act, 1899 as amended by
Act III of 1922 and Section 82
of the Calcutta Improvement
Act, 1911 Schedule
IA No ......... 23 .........
Stamp Duty Paid under the
Indian Stamp Act, 1899 as
Amended in 1976 Rs .. 216/-
Additional duty Paid under the
Calcutta Improvement Act 1911
Rs... 100/-... Rs [illegible]
Total Rs [illegible]
316/-

A 39.50
H 25.00
M(b) 41.00
N. 01.60
69.10

Registrar [illegible]
[illegible] 24 Parganas
1.9.81

৫০০০৲ পাঁচ হাজার টাকা পণে নিঃস্বত্ব সাফ্ বিক্রয় কোবালা ।

| কোবালা গ্রহীতা : | কোবালা দাতা : |
|---|---|
| শ্রী ইন্দ্র নীল মিত্র | শ্রী সমরেন্দ্র নাথ শিকদার |
| পিতা শ্রী মনোজ কুমার মিত্র | পিঃ শ্রী শৈলেন্দ্র নাথ শিকদার |
| জাতি হিন্দু , পেশা পড়াশুনা | জাতি হিন্দু পেশা সরকারী চাকুরী |
| সাং ৬১ এফ , অবিনাশ ব্যানার্জ্জি লেন | সাং ৫৪।২ অবিনাশ ব্যানার্জ্জী লেন |
| কলিকাতা - ১০ । | কলিকাতা - ১০ । |

কস্য গড়: খাস মহল মধ্যস্থিত নিস্কর জমি সায় তদুপরিস্থিত নির্ম্মিত
কাঁচা ঘর তাহার যাবতীয় স্বত্ব নভ্য পৌরস ইজমেন্ট স্বত্বাদি সমেত দরবস্ত হক হকুকের

100/ Ch. No. 1734 ... 100/05
Date 29 - 8 - 81
50/ ... Mohini Mohan Nath Adv.
50/ ... High Court.
50/ Sd/-
50/
10/
5/

...ed for Registration at
12-0 A.M./P.M. on the
1st day of Sept. 19 81
... Sadar Registration Office
A...ore, 24 Parganas by Samarendra Nath Sikdar
Executant / Claimant or one of
Executants / Claimants or
Attorney for ..................
Executant / Claimant under a
Power of attorney No. ......
dt. 19 ... authenticated by the
..... Registrar of .....

Sd/-
Registrar U/S 7 (2)
Alipur 24 Parganas
1.9.81

Sd/-
Samarendra Nath Sikdar
Son / wife of Sailendra Nath Sikdar
of 54/2 Abanish Banerjee Lane
Thana ..................
District Cal 10
By Caste Hindu
By profession Service

Samarendra Nath Sikdar

11025

Samarendra Nath Sikdar

Sd/-
Mohini Mohan Nath
Son / wife of Advocate
of Calcutta High Court
Thana ..................
District ..................
By Caste ..................
By profession ..................

Sd/-
Registrar U/S 7 (2)
Alipur 24 Parganas
1.9.81

Mohini Mohan Nath
Advt.
Calcutta High Court

50 Rs.

पचास रुपया

५०रू.

भारत

INDIA

50RS

FIFTY RUPEES

সম্পূর্ণ নির্দ্দোষ অবস্থায় নিঃস্বত্ব নিম্ন তপশীল বর্ণিত কমবেশী ১ এক কাঠা ৪ চার ছটাক জমির সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে :-

জেলা ২৪ পরগনা, থানা বেলেঘাটা সবরেজিষ্ট্রী অফিস শিয়ালদহের এলাকাধীন মৌজা শুঁড়া গ্রামে পড়ঃ খাস মহল মধ্যস্থিত সাবেক ১২৯৮ নং হাল ২৮৩৩ নং তৌজি ভুক্ত ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত ৩ ডিভিশন ১ সাব ডিভিশন ৮১ নং নিস্কর হোল্ডিং ভুক্ত কলিকাতা করর্পোরেশনের সাবেক ৬১ নং শুঁড়া ফার্ষ্ট লেন পরবর্তী কালে ৬১ নং অবিনাশ চন্দ্র ব্যানার্জ্জি লেন হাল ৬১।এফ নং অবিনাশ চন্দ্র ব্যানার্জ্জি লেন, প্রেমিসেসস্থিত কমবেশী ৪ চার কাঠা ৭ সাত ছটাক ১৪ চৌদ্দ স্কোয়ার ফিট নিস্কর জমি মায় তদুপরিস্থিত কিয়দংশে পুরাতন ইমারতাদি জনৈক শ্রী হরমিত কুমার মিত্র

1735 50/00
29-8-81
M N Nath adv
High Court.

Registrar U/S 7 (2)
24 Parganas
1.9.81

50 Rs.

पचास रुपया

५० रु.

भारत

INDIA

FIFTY RUPEES

50 RS.

পিতা মৃত পঞ্চানন মিত্র বর্তমানে ৩১।এফ অবিনাশ চন্দ্র ব্যানার্জি লেন নিবাসী গত ইং ১১।৭।৬০ তারিখে এসকেতা রেজিস্ট্রী কৃত সাফ কোবালা মূলে ৭২ নং বেলেঘাটা মেন রোড, কলিকাতা - ১০ নিবাসী শ্রীযুক্ত হেম চন্দ্র নস্করের নিকট খরিদ করতঃ উক্ত কোবালা শিয়ালদহ রেজিস্ট্রী অফিসের বুক নং ১ ভলুম নং ৪৩, ৬ হইতে ১৩ পৃষ্ঠায় লিখিত ইংরাজী সন ১৯৬০ সালের ১৩২১ নং দলিল মূলে রেজিস্ট্রী হইয়াছে।

গত ইংরাজী ১৯৭২ সালের তারিখে আমার কোবালা দাতার বাবা শ্রীমতী গোভারানী বিশ্বাস স্বামী শ্রী নিত্যানন্দ বিশ্বাস এর রেজেস্ট্রী কৃত সাফ কোবালা মূলে যাহা শিয়ালদহ রেজিস্ট্রী অফিসের বুক নং ১ ভলুম নং ১৭ পাতা ১৮২ হইতে ১৮৮ লিখিত ইংরাজী

50 Rs.

পচাস রুপয়ে


৫০রু. भारत INDIA 50RS.

FIFTY RUPEES



সন ১৩৭২ সনের ৫৭৭ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে । উক্ত শ্রী হরি-
হরজিৎ কুমার মিত্র হইতে তাহার খরিদা ৪ চার কাঠা ৭ সাত ছটাক ১৪
চৌদ্দ স্কোয়ার ফিট জমি হইতে উত্তরদিকে যাহা উক্ত দলিল সংলগ্ন নক্সায়
লাল রংয়ে রঞ্জিত ও প্রদর্শিত কমবেশী ১ এক কাঠা ৪ চার ছটাক জমি যাহ
তদুপরিস্থিত চিহ্নিত গৃহাদি উপযুক্ত পণে খরিদ করিয়া ভোগ দখলকার
ছিলেন । গত ৩০ শে জানুয়ারী ১৩৭৮ সনে আমি কোবালা দাতা আমার
বায়া শ্রীমতী শোভারানী বিশ্বাসএর নিকট হইতে নিম্ন তপশীলে বিশেষ
ভাবে বর্ণিত ও প্রদর্শিত কমবেশী ১ এক কাঠা ৪ চার ছটাক জমি উপযুক্ত
পণে খরিদ করি উক্ত আমার খরিদা সম্পত্তি কোবালা শিয়ালদহ সাবরেজিঃ
অফিসের বুক নং ১, ভলুম নং ২০ পাতা ৭৮ হইতে ৮৬ লিখিত ইংরাজী

50 Rs.




১৩৭৯ সালের ৩৭৯ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। তদবধি মালিক সেরেস্তায় খাজনাদি প্রদানে নিজ নাম পত্তন করতঃ পরম সুখে ভোগ দখল করিতে থাকি এবং আছি। এক্ষণে আমার নগদ টাকার বিশেষ প্রয়োজন হওয়ায় নিম্ন তপশীলে বিশেষ ভাবে লিখিত ও চৌহদ্দিদস্থিত আমার খরিদা কমবেশী ১ এক কাঠা ৪ চার ছটাক জমি যায় তদুপরিস্থিত যায় গৃহাদি বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনি কোবালা গ্রহীতা উক্ত সম্পত্তি বাজারোচিত সর্বোচ্চ মূল্য ৫০০০৲ পাঁচ হাজার টাকা পণ মূল্যে ক্রয় করিবার প্রস্তাব করিলে আপনি কোবালা দাতা বেনমোক্ত ৫০০০৲ পাঁচ হাজার টাকা মূলে উক্ত সম্পত্তি আপনার নিকট বিক্রয় করিতে সম্মত হই।

10 Rs.

दस रुपये

सत्यमेव जयते

भारत INDIA

१०रू. TEN RUPEES 10 RS




অদ্য তারিখে আমি কোবালা দাতা পনের সমুদয় টাকা নিম্ন তপশীলের জমা মত এক কালীন গ্রহণ করিয়া নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ও চৌহদ্দীস্থিত এবং অত্র কোবালা সংলগ্ন নকসায় লাল রং এ রঞ্জিত ১ এক কাঠা ৪ চার ছটাক জমি সম্পূর্ণ নিদ্দায় ও নির্দ্দোষ অবস্থায় এবং উক্ত জমিতে যাতায়াতের ইজমেন্ট স্বত্ব সহ ৪' চার ফুট রাস্তা সহ আপনার অনুকূলে অত্র সাফ বিক্রয় কোবালা সম্পাদন করিয়া দিয়া নিম্ন তপশীল বর্ণিত উক্ত সম্পত্তি আপনাকে নির্দোষ ও নির্দায় অবস্থায় সাফ বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তি আপনার খাস দখলে ছাড়িয়া দিয়া স্বীকার, অঙ্গিকার ও প্রকাশ করিতেছি যে অদ্য হইতে উক্ত বিক্রীত সম্পত্তি হইতে বিক্রেতা আমি সম্পূর্ণ রূপে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম






এবং বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব নভ্য হক হকিয়ত দখল অধিকার ইজমেন্ট যাহা কিছু ছিল তৎসমুদয় অদ্য হইতে লোপ পাইয়া আপনাতে বর্তাইল। বিক্রীত সম্পত্তিতে অদ্য হইতে আপনি আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে দখলিকার আমার স্থলে স্থলাভিষিক্ত হইয়া সম্পত্তি নিজ দখলে লইয়া ইচ্ছামত বসবাস করিবার গৃহ নির্ম্মান পূর্বক গড়ঃ খাস দখলে ও কলিকাতা করর্পোরেশনে আমার নামের স্থলে আপনার নাম জারী করাইয়া যথারীতি খাজনা ট্যাক্সাদি প্রদানে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে উক্ত সম্পত্তির নির্ব্যূঢ় স্বত্বের মালিক হইয়া হইয়া সর্ব্ব প্রকারে মালিক ও স্বত্ব পরিচালনে পরম সুখে যদৃচ্ছা ভোগ দখল করিতে থাকুন তাহাতে আমি বা আমার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগনক্রমে

1R9






কেহ কোন দিন কোন প্রকার ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবে না করিলে তাহা সর্বত্র ও সর্ব্ব আদালতে নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে ।

আমি বিক্রেতা এতদ্বারা আরও প্রকাশ , প্রচার স্বীকার ও অঙ্গীকার করিতেছি যে বিক্রিত সম্পত্তি আপনি ক্রেতা আপনাকে বিক্রয় করিবার আমার সর্ব প্রকার উত্তম স্বত্বাধিকার আছে এবং বিক্রিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অপর কাহারকও কোন প্রকার দান , বিক্রয় বায়নাদি দ্বারা দায় সংযোগ করি নাই কিম্বা বন্ধকাদি দ্বারা কিম্বা কোন প্রকার বিলি বন্দোবস্ত করি নাই বা কোন আদালত হইতে ক্রোক বা নিলাম বিক্রয় হয় নাই বা মেয়াদি কি বেমেয়াদি প্রজাবিলি নাই বা কোন প্রকারের বন্দোবস্ত নাই বা উহাতে কোন জবর দখলকারী কি উদ্বাস্ত

নাই বা উহা কোন ট্রাস্ট ফণ্ডে কি দেব সেবায় অর্পিত করা নাই। উহা কোন মোকদ্দমা বিষয়ীভূত সম্পত্তি নহে বা উহার উপর কোন প্রকারের নিষেধাজ্ঞা জারি নাই বা উহা কাহারো জামিনে আবদ্ধ নাই বা উহার উপর কোন প্রকারের চার্জ্জ বা লিয়েন নাই বা উহাতে আমার অপর কোন শরিক কি অংশিদার নাই। উহা আমার বেনামী সম্পত্তি নহে বা উহা কোনও সরকারী কি বেসরকারী প্রতিষ্ঠা হইতে এক্যুইজিসান বা রিক্যুইজিসান হয় নাই বা হইবার জন্য কোন নোটিফিকেশন হয় নাই বা অপর কোন প্রকারে হস্তান্তর করি নাই বিক্রিত সম্পত্তি সম্পূর্ণ নিদ্দায় ও নির্দ্দোষ অবস্থায় আপনি ক্রেতা আপনাকে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং আপনাকে উহার খাস দখল দিলাম।

বিক্রিত সম্পত্তি সমূহের কোন প্রকাশোচিত বিষয় আমি আপনার নিকট গোপন করি নাই। যদি ভবিষ্যতে আমার উল্লিখিত উক্তি বা তাহার কোন অংশ মিথ্যা বা ভ্রমকতা প্রকাশ পায় এবং তদ্দরুন আপনার উক্ত সম্পত্তি শান্তিপূর্ণ ভোগদখলের কোন বিঘ্ন হয় তাহা হইলে আমি আইন আমলে আসিব এবং তজ্জন্য আপনাকে সর্বপ্রকার ক্রয় মূল্যের টাকা ক্ষতি পূরণ করিতে ওয়ারিশগান ও স্থলবর্তী গনক্রমে বাধ্য থাকিলাম।

আরও প্রকাশ থাকে যে শ্রী হরসিং কুমার মিত্র আমার দক্ষিণদিকে জমির সম্মুখের ঘরে নতুন একতালার বাড়ীর পিছনের দুইটা জানালা উভয়ের বাড়ীর গোপনীয়তার রক্ষার জন্য শ্রী মিত্র সর্ব সময় বন্ধ করিয়া রাখিবে।

১

এবং শ্রী মিত্র ভবিষ্যতে যদি তাঁহার বাড়ী বিক্রয় করে তবে উত্তরদিকে জানালা দুইটী অপসরন করিয়া উক্ত স্থানে সিমেন্ট ও বালি এবং ইট দ্বারা বন্ধ করিয়া দিবে।

আরও প্রকাশ থাকে যে প্রথম বিক্রেতা হরষিত কুমার মিত্র এবং আপনি ক্রেতা দুই জনেই উপরোক্ত একতলা বাড়ির ৪ চারি ফুট চওড়া কমন প্যাসেজ, বাড়ি রিপেয়ারিং চুনকাম ও উভয়ের সর্বপ্রকার গৃহাদি সংস্কার সম্পর্কে ব্যবহার করিতে পারিব। ইহাতে কোন পক্ষই আপত্তি করিতে পারিবে না। করিলেও তাহা গ্রাহ্য হইবে না। ঐ পথ দিয়ে আপনি কোবালা গ্রহিতা ইলেকট্রিক লাইন, কর্পোরেশনএর জলের পাইপ প্রভৃতি নিয়া যাইতে পারিবেন।

আরও প্রকাশ থাকে যে এই দলিলের প্রথম বিক্রেতা হরষিত কুমার মিত্র ও ক্রেতার মধ্যে যে কেহ তাহাদের নিজাংশ বিক্রয় করিতে ইচ্ছুক হন সেক্ষেত্রে বিক্রয়েচ্ছু পক্ষ অপর পক্ষের নিকট বাজারোচিত মূল্যে বিক্রয় করিবে। যদি সে পক্ষ ক্রয় করিতে ইচ্ছুক না হন তাহা হইলে তৃতীয় পক্ষ ব্যক্তির নিকট বিক্রয় করিতে পারিবেন। কিন্তু কোন ক্ষেত্রেই উহা মুসলমান ব্যক্তির নিকট বিক্রয় করিতে পারিবেন না।

আরও প্রকাশ থাকে যে প্রথম বিক্রেতা হরষিত কুমার মিত্র তাহার বাড়ীতে যাতায়াতের যে রাস্তা আছে তাহা ক্রেতা ও বিক্রেতা উভয় পক্ষে ব্যবহার করিবে। ভবিষ্যতে তাহারা নিজেদের সুবিধামত ইচ্ছা করিলে নকসা অনুযায়ী ৪ চারি ফুট রাস্তা পৃথক করিতে পারিবেন। উপরোক্ত মত

Sumaseal Ro. Nalli- Sikdar

সমূহ ক্রেতা ও বিক্রেতার ওয়ারিশান ও স্থলাভিষিক্তগন মানিয়া চলিতে বাধ্য থাকিবেন। অত্র দলিলের কোন প্রকার ভুল ত্রুটি পরিলক্ষিত হইলে বা আপনার স্বত্ব দখল আরও দৃঢ় করন জন্য আবশ্যক হইলে বিক্রেতা আমি ক্রেতা আপনার অবগত আপনার খরচায় প্রয়োজনীয় অপর দলিলাদি করিয়া দিতে বাধ্য থাকিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সরল মনে স্বইচ্ছায় শান্ত চিত্তে অন্যের বিনানুরোধে নিম্নের জায় মত পনের সম্যক টাকা নগদ বুঝিয়া পাইয়া অত্র দলিলের লিখিত সমুদয় উক্ত সর্তে ওয়ারিশান ও স্থলবর্তিগনক্রমে বাধ্য থাকিব। অত্র কোবালা দলিল লিখিত পঠিত সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ১৯৮১ সালের ৮ই সেপ্টেম্বর, বাংলা ১৩৮৮ সালের ২২শে ভাদ্র।

তপশীল বিক্রীত সম্পত্তির বিবরন

**********************

জেলা ২৪ পরগনা, থানা বেলেঘাটা সবরেজেষ্ট্রি শিয়ালদহের এলাকাধিন ২৪ পরগনা কালেক্টারির ২৮৩৩ নং তৌজি ভুক্ত ডিহি ৫৫ গ্রাম সংক্রান্ত ৩ ডিভিসন ১ সাব ডিভিসান ৮১ নং নিস্কর হোল্ডিং ভুক্ত কলিকাতা কর্পোরেশানের ৬১ ব্লক নং গুঁড়া ফাস্ট লেন বর্তমানে শ্রী অবিনাশ চন্দ্র ব্যানার্জি লেন প্রেমিসেসাস্থিত কমবেশী ১ এক কাঠা ৩ চার ছটাক বাস্ত জমি সায় তদুপরিস্থিত নির্মিত কাঁচা গৃহ যাহা অত্র সংলগ্ন নক্সা দলিলের নক্সা লাল রং দ্বারা রঞ্জিত করিয়া দেখান হইল সায় যাবতীয়

দ্বারাদি ও যাতায়াতের ইজমেন্ট দ্বারাদিসহ বিক্রীত সম্পত্তি হইতেছে। ইহার

চৌহদ্দি -

উত্তরে : কলিকাতা কর্পোরেশনের ড্রেন।

পূর্বে : শ্রী ক্ষীন্দ্র নাথ রায় চৌধুরীর বাটী।

দক্ষিণে : শ্রী হরষিত কুমার মিত্রের বাটী।

পশ্চিমে : ভ্যাকেন্ট জায়গা ও সেপটিক ট্যাঙ্ক।

উক্ত সীমানা মধ্যস্থ কমবেশী ১ এক কাঠা ৪ চারি ছটাক বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহা কলিকাতা কর্পোরেশনের ৬১ এক নং অবিনাশ চন্দ্র ব্যানার্জী লেনের অংশ হইতেছে। Samaresendra Nath Sikdar

টাকার জায়

.............

১০০, এক শত টাকার নোট ৫০ খানা - - ৫০০০ টাকা

সবনশে পাঁচ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম।

ইসাদী - Samaresendra Nath Sikdar

(1) Sobhan Lal Dey
6?/1 Abinash Chandra Banerjee Lane
Beleghata Cal - 10

2. Mihir Mohan Mullick
A. G.
Cal. High Court

3. Kalyani Sikder
5/1 Abinash Banerjee Lane

টাইপকারক : [illegible]
( শ্রী অমর নাথ মুখোপাধ্যায় )
শিয়ালদহ সিভিল কোর্ট
কলিকাতা - ১৪।

Registered

Book I

Volume No 339

Pages 90 to 101

Being No 10172

For the Year 19 84

1.9.81

21.11.83


N

DEED PLAN SHOWING A PORTION OF LAND OF PRM NO 69F ABINASH CH BANERJEE LANE P.S BELIAGHATA CALCUTTA-10

SCALE 8'-0"=1"

AREA OF LAND :- 1K - 4CH - 10SFT.

AREA SHOWN IN RED:-



Plan sealed
Book - I
Vol - 339
Page - 101
Being - 10172
For the year 1981
(Seal)
Sd/ S. De
DSR
21.11.83

Registrar U/S 7 (1)
Alipur 24 Parganas